রেজিস্ট্রার্ড

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং ১৭.০০.০০০০.০১৫.১১.০৫৯.২০-২২৩

তারিখঃ ০১ আষাঢ় ১৪২৮ / ১৫ জুন ২০২১

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৯ জুন ২০১৯ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়) ১১.২২২২.১৭-১৩১ নং পত্রের সুপারিশক্রমে নিম্নোক্ত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-৯ অনুযায়ী ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ টাকার বেতন স্কেলে 'সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার' পদে নিম্নেবর্ণিত শর্তে নিয়োগ করা হইলঃ

| ক্রমিক নং | পিএসসি কর্তৃক প্রেরিত মেধাক্রম | রেজিস্ট্রেশন নম্বর | নাম | পিতার নাম | স্থায়ী ঠিকানা | নিজ জেলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ১ | ২০০০৪৮ | আল্লামা তাসনিম ইরতিজা | মোঃ কুদরত আলী | ৩৭৪৭, ঈদগাহ পাড়া মসজিদ সংলগ্ন<br>গ্রাম/শহরঃ উকিলপাড়া (দপ্তরীপাড়া)<br>ডাকঘর-নওগাঁ (৬৫০০)<br>থানা/উপজেলা-নওগাঁ সদর<br>জেলা-নওগাঁ | নওগাঁ |

(ক) নির্বাচন কমিশন সচিবালয়ের আদেশক্রমে তাঁহাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা অন্য কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকার/কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিষয়ের উপর বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ এই প্রশিক্ষণের সময়কাল বাড়াইতে বা কমাইতে পারিবে; অথবা প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ বুনিয়াদি প্রশিক্ষণের পূর্বে বা পরে তাঁহাকে অন্য যেকোন প্রশিক্ষণের জন্য মনোনীত করিতে পারিবে;

(খ) বুনিয়াদি প্রশিক্ষণ ছাড়াও কর্তৃপক্ষের অভিপ্রায় অনুযায়ী তাঁহাকে পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;

(গ) 'সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার' পদে যোগদানের তারিখ হইতে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করিতে হইবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকিবার অনুপযোগী বলিয়া বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং পাবলিক সার্ভিস কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁহাকে চাকরি হইতে অপসারণ করা যাইবে;

(ঘ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনান্তে এবং যদি শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হয়, তাহা হইলে তাঁহাকে চাকরিতে স্থায়ী করা হইবে;

(ঙ) উপরের (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি আপনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাঁহাকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবেন;

(চ) যদি তাঁহার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়া কর্তব্যে অনুপস্থিত থাকেন, তাহা হইলে উপ-অনুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁহার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেঙ্গল অ্যাক্ট নং-৩) এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তাঁহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে;

(ছ) তাঁহার জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হইবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অঙ্গীকারাবদ্ধ হইয়া থাকেন তবে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে;

(ঝ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তাঁহার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-আদেশ এবং নির্বাচন কমিশন সচিবালয়/সরকার/কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাঁহার চাকরি নিয়ন্ত্রিত হইবে;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোনঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

(ঞ) এই চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

২। যদি উল্লিখিত শর্তাবলী তাঁহার নিকট গ্রহণযোগ্য হয়, তবে আগামী ০১ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ/১৭ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ তারিখে সম্মতিপত্রসহ 'সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার' হিসাবে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকায় যোগদানের জন্য অনুরোধ করা হইল। উক্ত তারিখে যোগদান না করিলে চাকরিতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া নেওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। জনস্বার্থে এই নিয়োগ প্রদান করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

/

(মোহাম্মদ শহীদুর রহমান)
সহকারী সচিব (জ.ব্য.-১)
ফোনঃ ৫৫০০৭৫৩৭/০১৫৫০০৪২০৩২

নং ১৭.০০.০০০০.০১৫.১১.০৫৯.২০-২২৩

তারিখঃ ০১ আষাঢ় ১৪২৮ / ১৫ জুন ২০২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা [সূত্রঃ তাঁহার ০৯ জুন ২০১৯ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়) ১১.২২২২.১৭-১৩১ নংপত্রের সুপারিশ অনুযায়ী]।
৫। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৬। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৭। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৮। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।
৯। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,---------------------------- (সকল)।
১০। উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১১। সিনিয়র/জেলা নির্বাচন কর্মকর্তা, ........................................... (সকল)।
১২। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা।
১৪। নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।
১৫। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)।
১৬-১৯। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিবগণ, নির্বাচন কমিশন সচিবালয়, (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
২০। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১। উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, ........................................... (সকল)।
২২। জনাব.................................................................................।

১৫-০৬-২০২১

(মোহাম্মদ শহীদুর রহমান)
সহকারী সচিব (জ.ব্য.-১)